গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫১.২০২২/৪৫৮/৫ তারিখ : ০৪/০২/২০২৪খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্ত প্রত্যাহার।

সূত্র: ১। অধ্যক্ষের আবেদন স্মারক নং-রা,বা,-৮৫৭/২২; তারিখ: ০৮/০৮/২০২২খ্রি.
২। তদন্ত কর্মকর্তা স্মারক নং- ৩৭.০২.৮১২২.১০১.২৩.২০৮৫; তারিখ: ৩০/১১/২০২৩খ্রি.
৩। জনাব আহাদুজ্জামান, প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) এর ১৮/১২/২০২৩খ্রি. তারিখের আবেদন।
৪। তদন্ত কর্মকর্তর স্মারক নং- ৭৫৪/আরজিসিসি; তারিখ: ২৬/০৬/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক মোতাবেক রাজশাহী জেলার রাজাবাড়ী ডিগ্রি কলেজের বিভিন্ন অভিযোগের বিষয়ে সিদ্ধান্তের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখায় ০১/০১/২০২৪খ্রি. তারিখে শুনানী অনুষ্ঠিত হয়।

বর্ণিত বিষয়ে রাজশাহী জেলার রাজাবাড়ী ডিগ্রি কলেজের স্বীকৃতিবিহীন ৩ (তিন) টি বিষয়ের শিক্ষক (১) মোঃ সাদিকুল ইসলাম, প্রভাষক (আরবী), ইনডেক্স নং- ৩০১১২২০, (২) মোঃ সাহিন আক্তার, প্রভাষক (সংগীত) ইনডেক্স নং- ৩০৭৩১৪০, (৩) এস,এম, নাজমুস সাদাত, প্রভাষক (ইন্সট্রাক্টর, প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাক্টিস) ইনডেক্স নং-৩০১১২২২, গণের স্বীকৃতি/বর্ধিত মঞ্জুরীপত্র জালিয়াতি করে উল্লেখিত বিষয় সমূহের শিক্ষক মন্ডলীর নামে এম,পি,ও শীটে অন্তর্ভুক্ত করায়, উক্ত নামগুলি এম, পি, ও শীট থেকে কর্তনের জন্য অধ্যক্ষ আবেদন করেন।

এর প্রেক্ষিতে স্মারক নং-৭জি-৪৬২(ক-৩)/০৬(অংশ-১)/৪৯৮৯/৬; তারিখ: ২৬/০৯/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং- ৩৭.০২.৮১২২.১০১.২৩.২০৮৫; তারিখ: ৩০/১১/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

মহামান্য হাইকোর্টের রীটপিটিশন নং ৮১৭১/২০২৩ অনুযায়ী রাজশাহী শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত ১১/০৯/২০২৩ইং তারিখের নিষ্পত্তি (dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত (যাহা ২১/১০/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত ২৫১ তম বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে) রাজাবাড়ী ডিগ্রী কলেজের গভর্নিংবডির সভাপতি বরাবর প্রেরিত রীটকারী মোঃ আহাদুজ্জামান সহ অপর চারজন শিক্ষককে স্ব-স্ব পদে পুনর্বহাল সহ সমুদয় বকেয় বেতন ভাতা প্রদানের নির্দেশ ১৫ কর্মদিবসের মধ্যে বাস্তবায়ন না করায় তাদের ৫ জন শিক্ষকের পুনর্বহালের বিষয় বিবেচনা পূর্বক অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জনাব আহাদুজ্জামান, প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) আবদেন করেন।

রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন রাজাবাড়ী ডিগ্রী কলেজের জনাব মো: সেরাজুল ইসলাম, জ্যেষ্ঠ প্রভাষক (পদার্থ বিজ্ঞান) হিসেবে কর্মরাত আছেন। একটি বিতর্কিত অডিও রেকর্ড প্রচারিত হওয়ায় তার কলেজের অধ্যক্ষ মহোদয় জনাব মো: সেরাজুল ইসলাম এর উপর সন্দেহ পোষণ করেন এবং প্রতিহিংসার বশবর্তী হয়ে জনাব মো: সেরাজুল ইসলামকে চাকুরীচ্যুত করার অপচেষ্টায় লিপ্ত থাকার বিষয়ে প্রতিকার চেয়ে আবেদন করেন।

বর্ণিত বিষয়ে স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৪.২০.৬৫৫; তারিখ:১০/০৫/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং- ৭৫৪/আরজিসিসি; তারিখ: ২৬/০৬/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

উপরোল্লিখিত আবেদন/অভিযোগসমূহের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখায় ০১/০১/২০২৪খ্রি. তারিখে শুনানী অনুষ্ঠিত হয়।

**শুনানী প্রতিবেদনের মতামত/সুপারিশ:** রাজশাহী জেলার রাজাবাড়ী ডিগ্রি কলেজের বিভিন্ন অভিযোগের বিষয়ে নিষ্পত্তির লক্ষ্যে ০৫ সদস্যের শুনানী কমিটি প্রাক্তন অধ্যক্ষ জনাব ওমর কুরাইশী সরকার, অধ্যক্ষ জনাব সেলীম রেজা, জনাব মোঃ সাদকিল ইসলাম, প্রভাষক (আরবী), জনাব মোঃ সাহিন আক্তার, প্রভাষক (সংগীত), জনাব এস,এম, নাজমুস সাদাত, প্রভাষক (ইন্সট্রাক্টর প্রকৌশল অংকন ও ওর্য়াকশপ প্র্যাক্টিস), জনাব আহাদুজ্জামান, প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন), জনাব মো: সেরাজুল ইসলাম, জ্যেষ্ঠা প্রভাষক (পদার্থ বিজ্ঞান), রাজাবাড়ী ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহীসহ শুনানীতে উপস্থিত সকলের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, লিখিত বক্তব্য ও মামলা সংক্রান্ত আদেশের কপি পর্যালোচনায় নিয়োক্ত শুনানীর মতামত/সুপারিশ নিম্নরূপ:-

১। জনাব সেরাজুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ (অডিও ফাঁসের অভিযোগ) সুস্পষ্টভাবে প্রমানিত হয়নি বিধায় তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে পুনর্বহালের জন্য সভাপতি ও অধ্যক্ষকে পত্র দেওয়া যেতে পারে।

২। জনাব মোঃ সাদিকুল ইসলাম, প্রভাষক (আরবী), ইনডেক্স নং- ৩০১১২২০, জনাব মোঃ সাহিন আক্তার, প্রভাষক (সংগীত) ইনডেক্স নং- ৩০৭৩১৪০, জনাব এস,এম, নাজমুস সাদাত, প্রভাষক (ইন্সট্রাক্টর, প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্রাক্টিস) ইনডেক্স নং-৩০১১২২২ এর নিয়োগকালীন সময়ে সংশ্লিষ্ট বিষয়ের স্বীকৃতি না থাকায় তাদের এমপিও বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে এবং গ্রহণকৃত এমপিওর সমুদয় টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩। যেহেতু জনাব আহাদুজ্জামান, প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) ছাত্রীদের যৌন হয়রানীর প্রেক্ষিতে হাজত বাস করায় সভাপতি তাকে বিধি সম্মতভাবে সাময়িক বরখাস্ত করেছেন সেক্ষেত্রে তার বরখাস্ত চলমান থাকবে।

৪। জনাব সেরাজুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ (অডিও ফাঁসের অভিযোগ) সুস্পষ্টভাবে প্রমানিত না হওয়া সত্তেও মিথ্যা অভিযোগে তাকে সাময়িক বরখাস্ত করায় অত্র কলেজের অধ্যক্ষ জনাব সেলীম রেজার MPO সাময়িকভাবে Stop Payment করা যেতে পারে।

৫। জনাব সেরাজুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ (অডিও ফাঁসের অভিযোগ) সুস্পষ্টভাবে প্রমানিত না হওয়া সত্তেও মিথ্যা অভিযোগে তাকে সাময়িক বরখাস্ত করায় গভর্নিংবডির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে পত্র দেয়া যেতে পারে।

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের ০১/০১/২০২৪খ্রি. তারিখের শুনানীর প্রতিবেদনের সুপারিশের আলোকে জনাব সেরাজুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগ (অডিও ফাঁসের অভিযোগ) সুস্পষ্টভাবে প্রমানিত হয়নি বিধায় ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তার সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে তাকে স্বপদে পুনর্বহাল করে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪.০২.২৪

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

১। সভাপতি, পরিচালনা পরিষদ, রাজাবাড়ী ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী
২। অধ্যক্ষ, রাজাবাড়ী ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী রাজশাহী

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (পত্রটি সংশ্লিষ্ট ব্যাক্তি বা প্রতিষ্ঠানে পৌছানোর অনুরোধসহ)।
৪। জনাব সেরাজুল ইসলাম, জ্যেষ্ঠ প্রভাষক (পদার্থ বিজ্ঞান), রাজাবাড়ী ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী
৫। সংরক্ষণ নথি।